দৈনিক ইত্তেফাক

তারিখ 24 SEP 1987
পৃষ্ঠা ১ ৮

...000192

# ৬৮ দিন পর ঢাকা ভার্সিটির হলসমূহ খুলিয়াছে

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

মধ্য জুলাইয়ের অনির্ধারিত বন্ধ শেষে গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলসমূহ পুলিশ প্রহরায় খুলিয়া দেওয়া হইয়াছে। দীর্ঘ ৬৮ দিন পর ছাত্র-ছাত্রীদের হলে প্রবেশের সময় প্রধান ফটকে বসিয়া থাকা প্রভোষ্ট, হাউস টিউটরবৃন্দ ছাত্রছাত্রীদের আবাসিক পরিচয়পত্র দেখিয়া হলে প্রবেশের অনুমতি দেন। পূর্বের ঘোষণা অনুযায়ী গতকাল সকাল সাড়ে ৯টায় বিশ্ববিদ্যালয়ের হলসমূহ খুলিয়া দেওয়া হয়। ইহার পর রাত্র দশটা পর্যন্ত হল প্রশাসনের বিভিন্ন কর্মকর্তা পর্যায়ক্রমে হল গেটে বসিয়া ছাত্র-ছাত্রীদের হলে ঢোকার ব্যাপারে সহায়তা করেন। ভিসি প্রফেসর আব্দুল

(২য় পৃঃ দ্রঃ)

## হল খুলিয়াছে

(১ম পৃঃ পর)

মান্নান, প্রো-ভিসি ডঃ এমাজউদ্দিনসহ বিশ্ববিদ্যালয়ের উধ্বর্তন কয়েকজন কর্মকর্তা সকালে বিভিন্ন হল পরিদর্শন করিয়া ছাত্র-ছাত্রীদের ব্যাপারেখোঁজ-খবর নেন। জানা যায়, ২৭শে সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয়ের ক্লাস শুরুর পূর্ব পর্যন্ত হল গেটে পরিচয়পত্র দেখার নিয়ম কড়াকড়িভাবে পালন করা হইবে। পরবর্তীতেও এই নিয়ম অব্যাহত থাকিবে। আবাসিক পরিচয়পত্র দেখার এই নিয়মের ফলে দীর্ঘদিন হলে অব স্থান করিয়াছেন এমন অনাবাসিক পরীক্ষার্থী ছাত্রকেও হলে ঢুকিতে দেওয়া হয়নাই। একইভাবে মাষ্টার্স ডিগ্রী পরীক্ষা দিয়াছেন এমন ছাত্র-ছাত্রীও হলে ঢোকার অনুমতি পান নাই।

কর্তৃপক্ষ জানায়, মাষ্টার্স পরীক্ষা শেষ হওয়ার কারণে নিয়মমত তাহাদের সীট বাতিল করিয়া কক্ষে তালা মারা হইয়াছে। একইভাবে বহিষ্কৃত ছাত্রদের কক্ষেও তালা মারা হইয়াছে। গতকাল ছাত্র-ছাত্রীদের হলে প্রবেশের সময় ভিসির শুভেচ্ছা সম্বলিত একটি ফরম বিলি করা হয়। এই ফরমে আইন-শৃঙ্খলা মানিয়া চলার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আবেদন জানাইয়া বলা হইয়াছে, যে কোন পর্যায়ে ছাত্র-ছাত্রীরা অশোভন, বিশৃঙ্খলামূলক সন্ত্রাসী আচরণ করিলে তাহার সম্পর্কে প্রভোষ্ট, প্রক্টর, শিক্ষক ও অফিসারগণ প্রক্টোরিয়াল বিধির ৭ ধারার ৭, ৮, ১০ উপধারা এবং ৮ নম্বর ধারা অনুযায়ী ফাইনসহ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করিতে পারিবেন। জানা যায়, হলে সন্ত্রাসী তৎপরতা অথবা কোন সমস্যা সৃষ্টি হইলে প্রয়োজনে পুলিশকে আহ্বানের ব্যাপারে প্রভোষ্টকে অনুমতি দেওয়া হইয়াছে। হলের ফটকসমূহ রাত্র সাড়ে দশটায় বন্ধ করিয়া দেওয়া হইবে বলিয়া হলে হলে নোটিস দেওয়া হইয়াছে। গতকাল কম সংখ্যক ছাত্র-ছাত্রী হলে ফিরিয়াছে।

GRAND TOTA